# ভারতীয়  জনতা পার্টি

(কেন্দ্রীয় অফিস)
১১ অশোক রোড, নয়া দিল্লি ১১০০০১
ফোন-- ০১১-২৩০৭০৫৭৭০, ফ্যাক্স--০১১-২৩০০৫৭৮৭

বি জে পি-র জাতীয় সহ সভাপতি মুখতার আব্বাস নাকভির সংবাদ বিবৃতি

নয়াদিল্লি, ২৭ ফেব্রুয়ারি: আগামী ১ মার্চ থেকে বি জে পির জাতীয় কর্মসমিতি ও পরিষদের বৈঠক হবে দিল্লিতে। বি জে পির জাতীয় সহ সভাপতি মুখতার আব্বাস নাকভি জানিয়েছেন, জাতীয় কর্মসমিতির বৈঠক বসবে আগামী ১ মার্চ এবং ২ মার্চ থেকে পরিষদের বৈঠক হবে।

শ্রী নাকভি বলেছেন, বৈঠক শুরু হবে সভাপতি রাজনাথ সিংহের ভাষণ দিয়ে, তারপর দেশের আর্থিক, সামাজিক, রাজনৈতিক বিষয় নিয়ে আলোচনা হবে।

শ্রী নাকভি বলেছেন, জাতীয় কর্মসিমিতির চারটি অধিবেশন হবে ও পরিষদের ৯ টি অধিবেশন হবে। তিন দিনের বৈঠকে আমরা আগামী নির্বাচন নিয়ে আলোচনা হবে। আমাদের মোটো হবে, 'সুশাসন সংকল্প, বি জে পি বিকল্প'.

শ্রী নাকভি আরও বলেছেন, কর্মসমিতি ও পরিষদের বৈঠকে আর্থিক, সামাজিক, রাজনৈতিক পরিস্থিতি ও দেশের সামনের চ্যালেঞ্জ নিয়ে আলোচনা হবে। দুর্নীতি, কেলেঙ্কারি, মূল্যবৃদ্ধি, অভ্যন্তরীণ নিরাপত্তা, জাতীয় নিরাপত্তা নিয়ে কথা হবে, 'অন্ত্যদয় ও সুশাসন' নিয়ে আলোচনা হবে।

আসন্ন সাধারণ নির্বাচনের প্রস্তুতি, কৌশল ও তার রোডম্যাপ ছকে নেওয়া হবে। যখন নির্বাচন আসবে, প্রস্তুতি ও কৌশল নেওয়ার সময় হবে, তখন কর্মীদের 'সুশাসন সংকল্প, বি জে পি বিকল্প' লক্ষ্য নিয়ে যুদ্ধে যেতে বলা হবে ও লোকের কাছে এটা ব্যাখ্যা করে বলবেন তাঁরা।

শ্রী নাকভি জানিয়েছেন, জাতীয় কর্মসমিতি ও পরিষদের সব সদস্য, লোকসভা ও রাজ্যসভায় দলের সব সংসদ, বিধায়ক, রাজ্যের পদাধিকারীরা, জাতীয় স্তরে মোর্চার সমন্বয়কারীরা, সব জেলা সভাপতি, জেলা পঞ্চায়েত সভাপতি ও সংগঠন সচিবরা এই বৈঠকে অংশ নেবেন। জাতীয় কর্মসমিতির বৈঠক বসবে এন ডি এম সির কনভেনশন সেন্টারে এবং জাতীয় পরিষদের বৈঠক হবে তালকাটোরা স্টেডিয়ামে।

(ও পি কহলি)

সদরদফতর প্রমুখ